হরজরত আবুদাজানা উক্ত পত্রখানা লইয়া ভাঁজ করিয়া বালিশের নীচে রাখিয়া সেই রাত্রে নিদ্রিত হইলেন, এমতাবস্থায় একজন ক্রন্দনকারীর ক্রন্দনের জন্য তাঁহার নিদ্রা ভঙ্গ হইয়া গেল। ক্রন্দনকারী বলিতেছিল, হে আবুদাজানা (ছাম্মাক) তুমি এই কলেমাগুলির দ্বারা আমাকে জ্বালাইয়া দিলে। তোমার নবীর অছিলা ধরিয়া বলিতেছি, তুমি এই পত্রখানা আমার দিক হইতে ফিরাইয়া লাও, তুমি যতক্ষণ আমার দিক হইতে উহা সরাইয়া না লও, আমাদের নিস্কৃতি লাভ হইবে না, এখন হইতে তোমার গৃহে তোমার প্রতিবেশির গৃহে এবং যে কোন স্থানে এই পত্রখানা লিখিত থাকে, তথায় আমরা প্রত্যবর্ত্তন করিব না। হজরত আবুদাজানা বলিলেন, খোদার কছম আমি নবী (ছাঃ)-এর অনুমতি ব্যতীত এই পত্রখানা সরাইয়া লইব না। তিনি বলেন জ্বেনের ক্রন্দন ও চিৎকার শ্রবণে রাত্রি আমার পক্ষে লম্বা হইয়া পড়িল। তিনি ফজরের নামাজ পড়িয়া নবী (ছাঃ)-এর নিকট জ্বেনের ক্রন্দন কাহিনী প্রকাশ করিলে তিনি বলিলেন, হে আবুদাজানা জ্বেন জাতি হইতে পত্রখানা সরাইয়া লও, নচেৎ উক্ত খোদার কছম -যিনি আমাকে নবীরূপে প্রেরণ করিয়াছেন, উহারা কেয়ামত পর্য্যন্ত যন্ত্রণা ভোগ করিবে।

এই তা'বিজের জাকাত আদায় করিলে, পূর্ণ ফল প্রাপ্ত হওয়া যায়, জাকাতের নিয়ম এই যে, অর্দ্ধ রাত্রের পরে গোছল করিয়া ১২ রাকায়াত তাহাজ্জোদ পড়িয়া এক হাজার বার নিমোক্ত দরুদ পড়িবে-

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى مُحَمَّدٍ نَّبِيِّ الْمَبْعُوْثِ اِلَى الْاِنْسِ وَ الْجِنِّ وَ الْاَسْوَدِ وَ الْاَحْمَرِ وَ الْاَصْغَرِ وَ الْاَكْبَرِ صَاحِبُ الْكَوْثَرِ وَ بَارِكْ وَ سَلِّمْ ☆

তৎপরে ১৩১ বার উক্ত দোওয়া পড়িয়া সাদা কাগজে স্বদেশী কালী দ্বারা উহা লিখিয়া জ্বেনগ্রস্তকে দেখাইবে, কিম্বা গৃহে রাখিয়া দিবে, সেই দিবস হইতে সেই বাটী হইতে এবং উহার প্রতিবেশীর গৃহ হইতে সমস্ত জ্বেন,দৈত্য, ভুত, প্রেত পলায়ণ করিবে। ইহা বহুবার পরীক্ষা হইয়াছে।

(২) জ্বেনগ্রস্থা, পীড়িত, গ্যাসযুক্ত শিশুর জন্য নিম্নোক্ত তদ্বীর করিবে, ৪৩৫৬ এই সংখ্যার চারিদিকে বিছমিল্লাহ, ছুরা ফাতেহা, আয়তুল কুরছি ও ছুরা এখলাছ পৃথক পৃথক অক্ষরে লিখিবে, প্রত্যেকটির শেষ পীড়িতের নাম লিখিবে, এইরূপ লিখিবে-

ب س م ا ل ل ا ه ا ل ر ح م ا ن ا ل ر ح ی م- ا ل ح م د ل ل ه

ر ب ا ل ع ا ل م ی ن ☆

এইরূপ আমিন পর্য্যন্ত এইরূপ আয়তুল কুরছি ও ছুরা এখলাছ লিখিবে, পরে দরুদ শরীফ আরবির নিয়মে লিখিবে তবে মোমজামার দ্বারা উহা জড়াইয়া একবার ছুরা ফাতেহা, তিনবার ছুরা এখলাছ ও দরুদ শরীফ পড়িয়া রোগীর গলায় বাঁধিবে-

(৩) জ্বেনগ্রস্থা বা পীড়িতের উপর ৫০ কিম্বা ১৭০ অথবা ৩১৩ বার আয়তুল কুরছি পড়িয়া ফুক দিবে, এইরূপ ৩ কিম্বা ৭ দিবস করিলে, খোদার মর্জ্জিতে আরোগ্য লাভ করিবে।

(৪) দরুদ নারিয়া ৪৪৪৪ বার পড়িয়া পাগল, জ্বেনগ্রস্থা ও পীড়িতের উপর ফুক দিলে, খোদার মর্জ্জি আরোগ্য লাভ করিবে। এই দরুদ পরে লিখিত হইবে।

২০। একটি আয়াতের খাছিএত

لَيْسَ لَهَا مِنْ دُوْنِ اللّٰهِ كَاشِفَةٌ

এই আয়াতটি ১১৫৩ বার রাত্র দিবস সর্ব্বদা পড়িলে, সঙ্কটাপন্ন উদ্দেশ্য পূর্ণ হইয়া থাকে, সর্ব্বপ্রকার ভয়, দুঃখ শোক দূরীভূত হইবে, অত্যাচার নিবারণ হইবে, শত্রুদলের উপর জয় লাভ হইবে, দেনা পরিশোধ হইবে, এইরূপ যে কোন শরীয়ত সঙ্গত কার্য্য উদ্ধার হইবে। উহা পড়িবার নিয়ম এই যে, সুযোগ হইলে গোছল করিয়া লইবে, নচেৎ কেবল ওজু করিয়া দুই রাকায়াত নফল নামাজ পড়িয়া এস্তেগফার, ছুরা ফাতেহা, ছুরা এখলাছ, ছুরা ইয়াছিন কিম্বা অন্যান্য কতকগুলি আয়াত পড়িয়া উহার ছওয়াব হজরত নবী (ছাঃ) তাঁহার আওলাদ আছহাব পীরগণ ও মোমেন পুরুষ ও স্ত্রীলোকদিগের রুহে পৌঁছাইয়া উপরোক্ত আয়াত একবার পড়িয়া নিম্নোক্ত কবিতাটি একবার পড়িবে, আয়াত তিনবার পড়া হইলে কবিতাটি একবার পড়িবে, তৎপরে আয়াত ৫০ বার পড়িয়া একবার কবিতাগুলি পড়িবে, তৎপরে আয়াতটি এক একশ বার পড়িয়া কবিতাগুলি এক একবার পড়িবে, খোদার মর্জ্জিতে নিশ্চয় তাহার মতলব পূর্ণ হইবে, ইহা অতি পরীক্ষিত।

কবিতাগুলি এই -

يَا مَنْ إِذَا ضَاقَ الْفَضَا - وَ تَرَاكَمَتْ جُمَلُ الدَّوَاهِيْ - وَ ذَاقَتِ النَّفْسُ الْحَمَامَ وَ آيِسَتْ عِنْدَ التَّنَاهِيْ - فَرَّجْتَهَا بِدَقِيْقَةٍ - مِنْ حُسْنِ لُطْفِكَ يَا اِلٰهِيْ ☆

২১। চোর, পলাতক নিরুদ্দেশ ব্যক্তিকে হাজির করার টাকা ও দোকানে খরিদ্দার বেশি সংগ্রহ করার তদ্‌বীর

(১) নিম্নোক্ত আয়াত ১৫ হাজার, কিম্বা ৩৬ হাজার, অথবা ৪৭ হাজার বার পড়িবে-

رَبَّنَآ اِنَّکَ جَامِعُ النَّاسِ لِيَوْمٍ لَّا رَيْبَ فِيْهِ ط اِنَّ اللّٰهَ لَا يُخْلِفُ الْمِيْعَادَ ☆

হারানো বস্তু অপহৃত বস্তু পাওয়ার উদ্দেশ্যে হইলে, উক্ত আয়াত পড়াকালে প্রত্যেক শতবারের পরে একবার পড়িবে-

اَللّٰهُمَّ اَجْمَعْ عَلَىَّ ضَالَّتِىْ

পলাতক ও নিরুদ্দেশ ব্যক্তিকে হাজির করার জন্য প্রত্যেক শতবারে বলিবে-

اَللّٰهُمَّ اَجْمَعْ بَيْنِىْ وَ بَيْنَ فُلَانٍ

ফোলান স্থানে উক্ত ব্যক্তির নাম লইবে।

টাকা কড়ি বেশি হওয়ার জন্য বলিবে-

اَللّٰهُمَّ اَجْمَعْ بَيْنِىْ وَ بَيْنَ الْمَالِ

দোকানের খরিদ্দার বেশি হওয়ার জন্য বলিবে-

اَللّٰهُمَّ اَجْمَعْ بَيْنِىْ وَ بَيْنَ الْمُشْتَرِيْنَ

(২) এক রেওয়াএতে আছে উল্লিখিত উদ্দেশ্যে ৩০ বার এস্তেগফার , ৩০ বার দরুদ, ৩০ বার ছুরা ত্বোহা এবং উল্লিখিত আয়াত ৩ হাজার দুই শত বার পড়িবে।

(৩) অন্য রেওয়াএতে আছে, চুরি করা বস্তু ও পলাতককে হাজির করার জন্য ছুরা ত্বোহা এক হাজার একবার পড়িবে, কিম্বা ৩১ বার আয়তুল কুরছি পড়িবে।

(৪) কর্জ্জ আদায়ের জন্য জুমার দিবস ৭০ বার ও পাঞ্জগানা নামাজের পরে সাত সাত বার পড়িবে-

اَللّٰهُمَّ اَغْنِنِىْ بِحَلَالِكَ عَنْ حَرَامِكَ وَ بِفَضْلِكَ عَمَّنْ سِوَاكَ

পাহাড় সমান দেনা হইলে আল্লাহ উহা পরিশোধ করিয়া দিবেন।

২২। ছুরা বাকারার শেষ দুই আয়াত امن الرسول হইতে শেষ পর্য্যন্ত

ইহা আরশের নিম্নস্থ ধন ভাণ্ডার এশার পরে এই দুই আয়াত পড়িলে রাত্রি জাগরণের ছওয়াব পাইবে। কোন ঘরে তিন রাত্রে পড়িলে, জ্বেন শয়তান উক্ত ঘরে প্রবেশ করিবে না।

যে কেহ বিপদ কালে আয়তুল কুরছি ও ছুরা বাকারার শেষ দুই আয়াত পড়িবে, খোদা তাহার বিপদ উদ্ধার করিবে। যে ব্যক্তি ছুরা বাকারার শেষ দুই আয়াত সর্ব্বদা রাত্র দিবা পড়িবে, সে বিপদ হইতে রক্ষা পাইবে। দেনা হইতে মুক্তি পাইবে, তাহার শত্রুদল ও অত্যাচারীদল ধ্বংস হইবে, তাহার সমস্ত মতলব পূর্ণ হইবে।

২৩। ছুরা আনয়ামের প্রথম তিন আয়াত

اَلْـحَمْدُ لِلّٰهِ الَّذِىْ خَلَقَ السَّمٰوٰتِ وَ الْاَرْضَ وَ جَعَلَ الظُّلُمٰتِ وَ النُّوْرَ ۥ ثُمَّ الَّـذِيْـنَ كَفَرُوْا بِرَبِّهِمْ يَعْدِلُوْنَ ٥ هُوَ الَّذِىْ خَلَقَكُمْ مِنْ طِيْنٍ ثُمَّ قَضٰى اَجَلًا ۥ وَ اَجَلٌ مُّسَمًّى عِنْدَهٗ ثُمَّ اَنْتُمْ تَمْتَرُوْنَ ٥ وَهُوَ اللّٰهُ فِى السَّمٰوٰتِ وَ فِى الْاَرْضِ ۥ يَعْلَمُ سِرَّكُمْ وَ جَهْرَكُمْ وَيَعْلَمُ مَا تَكْسِبُوْنَ ☆

এই আয়াত ৩ বার ফজরে পড়িলে, আল্লাহতায়ালা ৭০ হাজার ফেরেশতা তাহার রক্ষক নিয়োজিত করেন, জ্বেন শয়তান ও তাহার মধ্যে ৭০ হাজার পরদা স্থাপন হয়। ইহা এমাম ওয়াহেদীর বর্ণনা।

২৪। ছুরা তওবার শেষ দুই আয়াত

لَقَدْ جَآءَكُمْ رَسُوْلٌ مِّنْ اَنْفُسِكُمْ عَزِيْزٌ عَلَيْهِ مَا عَنِتُّمْ حَرِيْصٌ عَلَيْكُمْ بِالْمُؤْمِنِيْنَ رَءُوْفٌ الرَّحِيْمٌ ٥ فَاِنْ تَوَلَّوْا فَقُلْ حَسْبِىَ اللّٰهُ زصلے لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۥ عَلَيْهِ تَوَكَّلْتُ وَ هُوَ رَبُّ الْعَرْشِ الْعَظِيْمِ ☆

পীর আবুবকর শিবলী, আবুবকর বেনে মোহেদের নিকট উপস্থিত হইলে তিনি তাঁহার তাজিমের জন্য দণ্ডায়মান হইয়া ছিলেন, ইহাতে তাঁহার শিষ্যগণ বলিলেন, আপনি উজির আলি বেনে ইছার জন্য দণ্ডায়মান হন না, আর শিবলিকে দেখিয়া দণ্ডায়মান হইলেন ? তদুত্তরে তিনি বলিলেন, হজরত নবী (ছাঃ) যাহাকে সম্মান করেন, আমি তাহাকে সম্মান করিব না কেন ? গ তরাত্রে আমার হজরত (ছাঃ) এর জিয়ারত লাভের সৌভাগ্য হইয়াছিল, তিনি বলিয়াছিলেন, আগামী কল্য তোমার নিকট একজন বেহেশতী মানুষ আসিবেন, তুমি তাঁহার সম্মান করিবে। দুই রাত্রি পরে পুনরায় তিনি হজরতের জিয়ারত লাভ করেন, ইহাতে তিনি বলেন, হে এবনো মোজাহেদ, তুমি যেরূপ একজন বেহেশতী ব্যক্তিকে সম্মান করিয়াছ,সেইরূপ খোদা তোমাকে সম্মানিত করুন। আমি বলিলাম হুজুর শিবলী কি কার্য্যে আপনার এত নৈকট্য লাভ করিলেন ? হজরত বলিলেন, তিনি ৮০ বৎসর প্রত্যেক নামাজের পরে ছুরা তওবার শেষ দুই আয়াত পড়িয়া থাকেন, এই হেতু আমি তাহার সম্মান করিয়া থাকি, ইহা আকদোদ্দোর্রায় আল্লায়ালি কেতাবে আছে।

(২) যে ব্যক্তি সর্ব্বদা প্রত্যেক ফরজ নামাজ অন্তে ৭ বার উক্ত দুই আয়াত পড়িতে থাকিবে, সে দুর্ব্বল হইলে বলবান হইবে, লাঞ্চিত হইলে সম্মানিত হইবে, পরাজিত হইলে পরাক্রান্ত হইবে, দরিদ্র হইলে সমস্ত বিষয়ে অবস্থাশালী হইবে, ঋণগ্রস্ত হইলে, ঋণমুক্ত হইবে, বিপদগ্রস্ত হইলে বিপদমুক্ত হইবে। তরিকত ও কাশফের শক্ত রুদ্ধ হইলে কাশফ শক্তি সম্পন্ন হইবে। যদি সে ব্যক্তি কারারুদ্ধ হয় তবে সর্ব্বদা ৪১ বার উক্ত আয়াত পড়িলে, কারামুক্ত হইবে। যদি প্রত্যেক দিবস ৪১ বার পাঠ করে, তবে আশ্চার্য্যজনক নিগূড়তত্ব সকল অবগত হইবে ও হজরত নবী (ছাঃ) এর জিয়ারত লাভ করিবে। যে ব্যক্তি উক্ত আয়াতদ্বয় পড়িবে, যে দিবস পড়িবে, সেই দিবস মরিবে না, অন্য রেওয়াএতে আছে, শত্রু কর্ত্তৃক নিহত কিম্বা আহত হইবে না। আর যে রাত্রে পড়িবে, সেই রাত্রে মরিবে না, কিম্বা নিহত বা আহত হইবে না একজন নেককার লোক পীড়াকালে উক্ত আয়াতদ্বয় পড়িতেন ,তাঁহার বয়স ৭০ বৎসর ছিল, তিনি উহা পড়িতে আরম্ভ করিয়া ১২০ বৎসর জীবিত থাকেন। আল্লাহ তাঁহার আয়ু শেষ হওয়া কালে তাঁহাকে মারিবার ইচ্ছা করেন, তিনি নবী (ছাঃ) কে স্বপ্নে দেখিলেন, তিনি বলিতেছেন -তুমি কত দিবস আমাদিগ পলায়ণ করিয়া থাকিবে? সেই দিবস তিনি উহা পড়া ত্যাগ করেন।

২৫। ছুরা তালাকের আয়াত

وَمَنْ قُدِرَ عَلَيْهِ رِزْقُهُ فَلْيُنْفِقْ مِمَّآ اٰتٰهُ اللّٰهُ ط لَا يُكَلِّفُ اللّٰهُ

نَفْسًا اِلَّا مَآ اٰتٰهَا ط سَيَجْعَلُ اللّٰهُ بَعْدَ عُسْرٍ يُّسْرًا ☆

পীর তমিমি (রহঃ) বলিয়াছেন, যাহার রুজি সঙ্কীর্ণ হইয়া থাকে, সে যেন বৃহস্পতিবারের দিবস রোজা রাখে এবং জুমার অর্দ্ধরাত্রে উঠিয়া একশত বার এস্তেগফার পড়ে একশত বার দরুদ শরীফ পড়ে এবং একশত বার উক্ত আয়াত পড়ে, তৎপরে শুইয়া যায়, সে নিদ্রিত অবস্থায় স্বচ্ছলতার পথ অবগত হইবে এবং আল্লাহতায়ালার হুকুমে রুজির দ্বারগুলি তাহার পক্ষে উন্মুক্ত করা হইবে।

২৬। দোওয়া ইউনোছের খাছিএত

হজরত (ছাঃ) বলিয়াছেন, হজরত ইউনোছ (আঃ) মৎস্যের উদরে থাকিয়া পড়িয়াছিলেন-

لَآ اِلٰهَ اِلَّآ اَنْتَ سُبْحَانَكَ ق صلے اِنِّی كُنْتُ مِنَ الظّٰلِمِيْنَ

যে কেহ উহা পড়িয়া দোওয়া করিবে, তাহার দোওয়া কবুল হইবে। যেন কোন বিপন্ন উহা পড়িবে, তাহার বিপদ উদ্ধার হইবে।

এক রেওয়াএতে আছে যে, কোন পীড়িত ব্যক্তি উহা ৪০ বার পড়ে, যদি সে সুস্থ হইয়া যায়, তবে তাহার গোনাহ রাশি মাফ হইবে, আর যদি, মরিয়া যায়, তবে শাহাদাতের দরজা পাইবে।

(২) একব্যক্তি হজরত নবী (ছাঃ) কে স্বপ্ন দেখিয়া জিজ্ঞাসা করিয়াছিলেন, খোদার নিকট আমার কোন মনোবাঞ্ছা আছে, আমি কোন অছিলায় তাহার নিকট দোওয়া করিব? ইহাতে হজরত বলিলেন, তুমি ছেজদাতে গিয়া ৪০ বার উক্ত দোওয়া পড় এবং অঙ্গুলীর ইশারা করিতে থাক, খোদা দোওয়া কবুল করিবেন।

এক রেওয়াএতে আছে, কোন মুসকিল মছিবতে পড়িলে, উত্তম রূপে ওজু করিয়া দুই রাকায়াত নামাজ পড়িবে, ছালাম অন্তে ছেজদাতে গিয়া উক্ত দোওয়া ৪০ বার পড়িবে, ছেজদা হইতে উঠিয়া দোওয়া করিবে, ইহাতে তাহার দোওয়া কবুল হইবে, একবার কবুল না হইলে, কয়েকবার করিবে, অর্দ্ধ রাত্রে ইহা করা ভাল।

(৩) হাফেজ বলিয়াছেন, আমি কোন বাদশার ধন ভাণ্ডারে একখানা মোহর অঙ্কিত কাগজে লেখা দেখিয়াছিলাম, ইহা প্রত্যেক দুঃখ যন্ত্রণার ঔষধ, রাত্রিতে উঠিয়া দুই রাকায়াত নামাজ পড়িয়া দুই হাত উঠাইয়া বলিবে-

اَللّٰهُمَّ اِنَّ ذَا النُّوْنِ عَبْدُكَ وَ نَبِيُّكَ دَعَاكَ مِنْ ضُرٍّ اَصَابَهٗ وَ نَادَاكَ مِنْ بَطْنِ الْحُوْتِ لَآ اِلٰهَ اِلَّآ اَنْتَ سُبْحٰنَكَ اِنِّىْ كُنْتُ مِنَ الظّٰلِمِيْنَ وَ اِنَّكَ قُلْتَ فَاسْتَجَبْنَا لَهٗ وَ نَجَّيْنٰهُ مِنَ الْغَمِّ وَ كَذٰلِكَ نُنْجِى الْمُؤْمِنِيْنَ فَاِنِّىْ عَبْدُكَ وَ ابْنُ عَبْدِكَ وَابْنُ اَمَتِكَ نَاصِيَتِىْ بِيَدِكَ اَدْعُوْكَ لِضُرٍّ اَصَابَنِىْ وَ اَقُوْلُ كَمَا قَالَ يُوْنُسُ عَلَيْهِ السَّلَامُ لَآ اِلٰهَ اِلَّآ اَنْتَ سُبْحٰنَكَ اِنِّىْ كُنْتُ مِنَ الظّٰلِمِيْنَ فَاسْتَجِبْ لِىْ كَمَا اسْتَجَبْتَ لِيُوْنُسَ عَلَيْهِ السَّلَامُ وَ نَجِّنِىْ مِنَ الْغَمِّ كَمَا نَجَّيْتَهٗ فَاِنَّكَ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ فَاِنَّكَ لَا تُخْلِفُ الْمِيْعَادَ ☆

ইহা তাজকেরাতে শাবি কেতাবে আছে।

(৪) কোন নকশাবন্দী তরিকার পীর বলিয়াছেন কোন ব্যক্তি কোন বিষয় লাভ করিতে কিম্বা রোধ করিতে অক্ষম হইলে, অথবা বিনষ্ট চাকুরী উদ্ধার করিতে ইচ্ছা করিলে, ফজরের নামাজের পরে নিম্নোক্ত আয়াত ৪১ বার পড়িবে, এই সংখ্যার কম বেশি করিবে না, পড়িবার মধ্যে দুনিয়ার কথা বলিবে না, চল্লিশ দিবস এইরূপ করিবে, ইহার মধ্যে এক দিবসও পড়া বন্ধ করিবে না, চল্লিশ দিবসের পরে আশ্চর্য্য জনক ফল প্রাপ্ত হইবে।

আয়তটি এই -

وَ ذَا النُّوْنِ اِذْ ذَّهَبَ مُغَاضِبًا فَظَنَّ اَنْ لَّنْ نَّقْدِرَ عَلَيْهِ فَنَادٰى فِى الظُّلُمٰتِ اَنْ لَّآ اِلٰهَ اِلَّآ اَنْتَ سُبْحٰنَكَ اِنِّى كُنْتُ مِنَ الظّٰلِمِيْنَ ☆

(৫) যে কেহ দৈনিক দোওয়া ইউনুছ হাজার বার পড়িবে, সে প্রত্যেক প্রকার মর্যাদা লাভ করিতে সক্ষম হইবে, আল্লাহতায়ালা তাহার রুজি বেশী করিয়া দিবেন, তাহার প্রত্যেক প্রকার দুঃখ যন্ত্রনা ও কষ্ট নিবারিত হইবে, সমস্ত প্রকার কল্যাণের দ্বার তাহার উপর উদঘাটন করা হইবে, শয়তান ও অত্যাচারি বাদশার ক্ষতি হইতে রক্ষা পাইবে, সে নিজের বন্ধুর নিকট প্রীতিভাজন ও শত্রুর চক্ষে ভীতিকর হইবে।

(৬) শাহ আবদুল আজিজ সাহেব ছুরা নুরের তফছিরে লিখিয়াছেন, প্রত্যেক প্রকার দুঃখ বিপদ উদ্ধার কল্পে উক্ত দোওয়া পরীক্ষিত তিরইয়াক, ইহা পড়িবার দুই প্রকার নিয়ম আছে, প্রথম এই যে, অনেকগুলি লোক এক মজলিশে বসিয়া এক লক্ষ পঁচিশ হাজার বার পড়িবে।

দ্বিতীয় এই যে, এক ব্যক্তি নির্জ্জনে এশার নামাজের পরে অন্ধকারময় স্থানে ওজু সহ কেবলামুখী হইয়া ৩ শত বার পড়িবে, তিন দিবস সাত দিবস, কিম্বা ৪০ দিবস এইরূপ করিবে। শাহ, আহলোল্লাহ লিখিয়াছে, ১২ দিবস ১২ হাজার বার করিয়া পড়িবে, অক্ষম হইলে ১ শত বার করিয়া পড়িবে, প্রথমে ও শেষে কয়েক বার দরুদ শরীফ পড়িয়া লইবে।

(৭) কওলোল জমিলে আছে, মতলব পূর্ণ হওয়ার উদ্দেশ্যে চারি রাকায়াত নামাজ পড়িবে, ছালাতোল হাজাত কিম্বা কাজা-য়োল হাজাত নিয়ত করিবে, প্রথম রাকায়াতে ছুরা ফাতেহার পরে একশত বার পড়িবে। -

لَآ اِلٰهَ اِلَّآ اَنْتَ سُبْحٰنَكَ ۖ اِنِّىْ كُنْتُ مِنَ الظّٰلِمِيْنَ ۚ فَاسْتَجَبْنَا لَهٗ ۙ وَ نَجَّيْنٰهُ مِنَ الْغَمِّ ؕ وَ كَذٰلِكَ نُنْجِى الْمُؤْمِنِيْنَ ☆

দ্বিতীয় রাকায়াতে ছুরা ফাতেহার পরে একশতবার পড়িবে-

رَبِّ اِنِّىْ مَسَّنِىَ الضُّرُّ وَ اَنْتَ اَرْحَمُ الرّٰحِمِيْنَ

তৃতীয় রাকায়াতে ছুরা ফাতেহার পরে একশত বার পড়িবে-

وَاُفَوِّضُ اَمْرِىْٓ اِلَى اللّٰهِ ۚ اِنَّ اللّٰهَ بَصِيْرٌۢ بِالْعِبَادِ

চতুর্থ রাকায়াতে একশত বার পড়িবে-

قَالُوْا حَسْبُنَا اللّٰهُ وَ نِعْمَ الْوَكِيْلُ

ছালাম ফিরাইয়া একশত বার পড়িবে-

رَبِّ اِنِّىْ مَغْلُوْبٌ فَانْتَصِرْ

এমাম জাফর সাদেক উক্ত চারি আয়াতকে এছমে আজম বলিয়াছেন।

২৭। ছুরা হাশরের শেষ কয়েক আয়াত

لو انزلنا هذا القران على جبل হইতে শেষ পর্য্যন্ত। যে ব্যক্তি তিন বার আউজো পড়িয়া উক্ত আয়াতগুলি ফজরে, পড়িবে, ৭০ হাজার ফেরেশতা সন্ধ্যা পর্য্যন্ত তাহার রক্ষণাবেক্ষণ করিবেন,

সে সন্ধ্যার মধ্যে মরিলে শহীদ হইয়া মরিবে ও তাহার জন্য বেহেশত ওয়াজেব হইবে। আছমান ও জমিনের সমস্ত বস্তু তাহার গোনাহ মাফির দোওয়া করিবে। সন্ধ্যার পরে পড়িলে, ফজর পর্য্যন্ত ঐরূপ অবস্থা হইবে।

২৮। বিছমিল্লাহর খাছিএত

(১) যে ব্যক্তি কোন মতলব হাছেলের জন্য বিশেযতঃ রুজী হাছেলের জন্য অধিক পরিমাণ পড়িবে, খোদা তাহার রুজি সহজে এত বেশি করিয়া দিবে, যে, সে ধারনাতে আনিতে পারিবে না। লোকদিগকের অন্তরে, তাহার রুহানী জগতে ও ইহ জগতে তাহার প্রতি ভয় ও ভক্তি নিক্ষিপ্ত হইবে।

(২) যে ব্যক্তি শয়নকালে উহা ২১ বার পড়িবে সে সেই রাত্রে শয়তান জ্বেন ও মনুষ্যের অপকারিতা হইতে, চুরি, অগ্নিদাহ, দৈবমৃত্যু ও প্রত্যেক প্রকার বিপদ হইতে রক্ষা পাইবে।

(৩) কোন পাগল কিম্বা জ্বেনগ্রস্ত ব্যক্তির কর্ণে ৪১ বার পড়িয়া ফুক দিলে, তৎক্ষণাৎ চৈতন্য লাভ করিবে।

(৪) যে ব্যক্তি কোন অত্যাচারী কিম্বা জালেম হাকিমের সম্মুখে উহা ৫০ বার পড়িবে, সেই অত্যাচারী তাহার জন্য নত হইবে, তাহার অন্তরে ইহার ভয় ও ভক্তি নিক্ষিপ্ত হইবে এবং পাঠ কারী তাহার অত্যাচার হইতে নিরাপদে থাকিবে।

(৫) যে কোন স্থানে খালেছ নিয়তে ৭১ বার বিছমিল্লাহ পড়িয়া পানি বর্ষণের দোওয়া করিলে, খোদার মর্জ্জিতে পানি বর্ষণ হইবে।

(৬) একশত বার উহা পড়িয়া কোন বেদনার উপর ফুক দিলে কিম্বা কোন জাদুগ্রস্ত ব্যক্তির উপর সাত দিবস একশথ বার করিয়া ফুক দিলে, বেদনা ও জাদু দুরীভূত হইবে।

(৭) রবিবারে সূর্য্য উদয় হওয়া কালে কেবলামুখী হইয়া ৩১৩ বার পড়িয়া, তৎপরে একশত বার দরুদ শরীফ পড়িবে, ইহাতে ধারনাতীত রুজী বৃদ্ধি হইবে।

(৮) মতলব পূর্ণ হওয়া, শত্রু ও অত্যাচারীদিগকের অত্যাচার হইতে রক্ষা পাওয়া ও বাণিজ্য লাভবান হওয়া উদ্দেশ্যে সর্ব্বদা ৭৮৭ বার উহা পড়িতে থাকিবে। যদি রোজা অবস্থায় নির্জ্জনে সাত দিবস উক্ত সংখ্যক বিছমিল্লাহ পড়ে, তবে নিশ্চয় মতলব পূর্ণ হইবে।

(৯) যদি কেহ ৪০ দিবস ফজরের নামাজের পরে খাঁটি নিয়তে উহা ২৫০০ বার করিয়া পড়ে, তবে খোদা তাহার অন্তরে অদৃশ্য বিষয়, এলমে লাদুন্নি ও বিস্ময়কর তত্ত্ব সকলের দ্বারা উদঘাটন পকিয়া দিবেন। যে ব্যক্তি সর্ব্বদা উহা উক্ত পরিমাণ পড়িবে, সমস্ত মানুষ তাহার অনুরক্ত হইবে এবং ধারনাতীত লোকের অন্তর আকর্ষণ করিতে সক্ষম হইবে।

(১০) যে বক্তি উহা সর্ব্বদা দৈনিক এক হাজার বার করিয়া পড়িতে থাকিবে, খোদা অতি সহজে তাহার দুনইয়া ও আখরাতের মতলব পূর্ণ করিয়া দিবেন।

(১১) কোন কারারুদ্ধ কিম্বা বিপন্ন ব্যক্তি রাত্র-দিবা উহা হাজার বার পড়িলে জেল হইতে মুক্তি লাভ করিবে এবং বিপদ হইতে মুক্ত হইবে। এক হাজার বার উহা বর্ষার পানিতে পড়িয়া যাহাকে পান করাইবে, সে তাহার অতি প্রিয় হইয়া যাইবে। উক্ত পানি কোন স্মৃতি শক্তি ও মেধাহীন ব্যক্তি ৭ দিবস সূর্য্য উদয় হওয়া কালে পান করিলে, তাহার মেধাশক্তি বৃদ্ধি হইবে এবং যাহা শুনিবে তাহাই স্মরণ রাখিতে সক্ষম হইবে।

(১২) এমাম গাজ্জালি বলিয়াছেন, যে ব্যক্তি ১২ হাজার বার উহা পড়িবে, প্রত্যেক হাজার শেষ করিয়া দুই রাকায়াত নামাজ পড়িয়া খোদার নিকট মতলব চাহিবে, খোদার মর্জ্জিতে তাহার যে কোন মতলব পূর্ণ হইবে।

(১৩) যে ব্যক্তি উঠিতে, বসিতে, শুইতে, অজু, নামাজ ও কেরাতের প্রথমে বিছমিল্লাহ পড়ে, আল্লাহ তাহার মওতের আজাব ও মোনকের নকিরের ছওয়ালের জওয়াব সহজ করিয়া দিবেন, তাহার গোরে সঙ্কীর্ণতা দূর করিয়া দিবেন, তাহার গোর বিস্তৃত করিয়া দিবেন, গোর হইতে যে জ্যোতিষ্মান অবস্থায় বাহির হইবে তাহার সহজ হিসাব হইবে, তাহার নেকির পাল্লা ভারি হইবে, সে বিদ্যুতের ন্যায় দ্রুত গতিতে পোলছেরাত পার হইয়া বেহেশতে দাখিল হইবে।

(১৪) হজরত এবনো ওমর বলিয়াছেন, মতবল পূর্ণ হওয়ার আশা থাকিলে, বুধ বৃহস্পতি ও শুক্রবারে রোজা রাখিবে, জুমার দিবস অজু গোছল করতঃ জুমা পড়িতে যাইবে, তৎপরে কিছু ছদকা প্রদান করিবে, জুমা পড়িয়া। নিম্নোক্ত দোওয়া করিভে তাহার দোওয়া কবুল হইবে।

اَللّٰهُمَّ اِنِّیْ اَسْئَلُكَ بِاِسْمِكَ بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
اَلَّذِیْ لَآ اِلٰهَ هُوَ عَالِمُ الْغَيْبِ وَ الشَّهَادَةِ هُوَ الرَّحْمٰنُ الرَّحِيْمُ - وَ
اَسْئَلُكَ بِاسْمِكَ بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ - لَآ اِلٰهَ اِلَّا هُوَ ج
اَلْحَیُّ الْقَيُّوْمُ ج لَا تَاْخُذُهٗ سِنَةٌ وَّ لَا نَوْمٌ اَلَّذِیْ فَلَاتُ عَظْمَتُهٗ
السَّمٰوٰتِ وَ الْاَرْضَ وَ اَسْئَلُكَ بِاِسْمِكَ بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ
الرَّحِيْمِ الَّذِیْ لَآ اِلٰهَ اِلَّا هُوَ عَنَتْ لَهُ الْوُجُوْهُ وَ خَضَعَتْ لَهُ الرِّقَابُ وَ
خَشَعَتْ لَهُ الْاَبْصَارُ وَ وَ حَلَتْ الْقُلُوْبُ مِنْ خَشْيَتِهٖ وَ رَفَتْ مِنْهُ
الْعُيُوْنُ اَنْ تُصَلِّیْ عَلٰی مُحَمَّدٍ وَّ عَلٰی اٰلِ مُحَمَّدٍ وَّ اَنْ تُعْطِيَنِیْ كَذَا
وَ كَذَا ☆

(১৫) যে বালক স্বপ্নে ভয় পাইয়া থাকে, কোন কাগজে ২১ বার উহা লিখিয়া তাহার গলায় বাঁধিয়া, আর সে ভয় পাইবে না, শিশুদের গলায় উক্ত তাবিজ বাঁধিবে দিলে, সমস্ত বিপদ হইতে রক্ষা পাইবে।

(১৬) উহা ৩৫ বার কোন কাগজে লিখিয়া ঘরে লটকাইয়া দিলে উক্ত ঘরে জ্বেন ভুত দাখিল হইতে পারিবে না, উক্ত ঘরে তাহার টাকা কড়ি ও ব্যবসাতে বরকত নাজেল হইবে। তাহার কোন ক্ষতি হইতে পারিবে না, যদি উহা দোকানে লটকাইয়া দোওয়া হয়, লাভ বেশি হইবে, আল্লাহতায়ালা হিংসুক ও অত্যাচারীদের চক্ষু অন্ধ করিয়া দিবেন, প্রত্যেক প্রকার বরকত লাভ হইবে।

(১৭) মহরমের প্রথম দিবস উহা ১১৩ বার কোন কাগজে লিকিয়া ব্যবহার করিলে, সে ব্যক্তি ও তাহার পরিজনগণ বিপদ আপদ হইতে রক্ষা পাইবে।

(১৮) একখানা সাদা কাগজে উহা ১০১ বার লিখিয়া ক্ষেতের মধ্যে পুতিয়া রাখিলে ফসল ভাল হইবে এবং উহা সমস্ত প্রকার উপদ্রব হইতে নিরাপদে থাকিবে।

(১৯) একখানা সাদা কাগজে এক হাজারবার উহা লিখিয়া তাবিজ করিয়া রাখিলে, শত্রুদের ভীতিকর ও বন্ধুদের প্রিয়পাত্র ও লোকদের নিকট সম্মানিত হইবে, খোদা তাহার উপর সমস্ত প্রকার কল্যাণের দ্বার উদঘাটন করিয়া দিবেন, সর্ব্বদা সুখ শান্তিতে থাকিবে।

(২০) উহা তিন বার সীসাতে লিখিয়া জালের সহিত শিলাই করিয়া দিবে ইহাতে জালে ধারনাতীত মৎস্য পড়িবে।

(২১) যে ব্যক্তি বাদশহ, কাজি ও সমস্ত লোকের ভক্তি ভাজন হইতে ইচ্ছা করে, সে যেন বৃহস্পতিবারের দিবস রোজা রাখে খোর্ম্মা ও চিনির দ্বারা এফতার করিবে, মগরেবের নামাজের পরে ১২১ বার উক্ত বিছমিল্লাহ পড়িবে, শয়ন পর্য্যন্ত উহা পড়িতে থাকিবে জুমার দিবস ফজরের নামাজের পরে ১২১ বার উহা পড়িবে তৎপরে একখানা কাগজে মেশক জাফরাণ ও গোলাব দ্বারা পৃথক পৃথক অক্ষরে ২১ বার বিছমিল্লাহ লিখিবে, উহা এইরূপ-

ب س م ا ل ل ا ہ ا ل ر ح م ا ن ا ل ر ح ی م

তৎপরে উক্ত কাগজে সাদা চন্দনের ধোঁয়া দিবে, উহা তাবিজ করিয়া রাখিবে, যে কেহ তাহাতে দেখিবে, অতিরিক্ত ভক্তি করিবে।

(২২) পাক পিয়ালাতে ৬৬ বার اللّٰه শব্দ লিখিয়া পীড়িত ব্যক্তিকে খাওয়াইলে, যে কোন প্রকারের পীড়া ভাল হইয়া যাইবে।

(২৩) নীল রঙের কাপড়ে আল্লাহ শব্দের অক্ষরগুলি লিখিবে, উহা এইরূপ- ا ل ل ہ। তৎপরে উহার একদিক জ্বালাইয়া জ্বেনগ্রস্ত রোগীকে শুকাইবে, ইহাতে জ্বেন কয়েদ হইয়া কথা বলিবে। ইহা দ্বারা জ্বেন জ্বালান যাইবে, কিন্তু জ্বালাইতে চেষ্টা করিবেন না।

(২৪) কোন আলেম বলিয়াছেন,পাক বাসনে যত সংখ্যক الله শব্দ সঙ্কুলান হয় লিখিয়া ধুইয়া জ্বেনগ্রস্ত রোগীকে ছিটা দিবে, ইহাতে জ্বেন জলিয়া যাইবে।

(২৫) اللّٰه শব্দের অক্ষরগুলি ও سلم على نوح فى العٰلمين এর অক্ষর লিখিয়া ধুইয়া সর্প বৃশ্চিক দষ্ট ব্যক্তিকে খাওয়াইবে, ইহাতে বিষ দফা হইবে। উহা এইরূপ-

ا ل ل ا ه - س ل ا م ع ل ى ن و ح ف ى ا ل ع ا ل م ى ن

(২৬) الرحمن শব্দ কাগজে লিখিয়া ১৫০ বার يا رحمن পড়িয়া উহাতে ফুক দিয়া তাবিজ করিয়া লইয়া কোন বাদশাহ্ কিম্বা অত্যাচারীর নিকট উপস্থিত হইলে, তাহার ক্ষতি হইবে না।

(২৭) ا ل ر ح ى م ২৮০ বার লিখিয়া তাবিজ করিয়া সঙ্গে রাখিয়া ছুরি, তরবারি কিম্বা কোন আগ্নেয় অস্ত্র তাহার উপর আছর করিবে না, ইহা খাঁটি নিয়তে করিবে এবং সুন্দর ভাবে লিখিবে।

(২৮) ا ل ر ح ى م ২১ বার লিখিয়া মস্তকে রাখিলে, মস্তকের বেদনা ভাল হইবে।

২৯। ছুরা ফাতেহার খাছিএত

ছুরা ফাতেহাতে ৭টি আয়াত, ২৫টি শব্দ ও ১২৫ টি হরফ আছে।

(১) পীর তমিমির (রঃ) কোন শাগরেদ বলিয়াছেন, এক সময়ে মোলতান শহরে ভয়ানক কলেরা উপস্থিত হয়, ইহাতে পীর সাহেব শিষ্যদেরকে বিছমিল্লাহের সহিত মিলাইয়া ছুরা ফাতেহা পড়িয়া প্লেগ ও কলেরা রোগীর শরীরে ফুক দিতে আদেশ দেন, আমরা তাহাই করিলে, উহার ফল স্বচক্ষে দেখিয়াছি, ইহাতে আশ্চার্য্যরূপে রোগ আরোগ্য হইতেছিল। বিছমিল্লাহর সহিত এইরূপ মিলাইয়া পড়িবে-

بسم الله الرحمٰن الرحيم الحمد لله শেষ পর্য্যন্ত

(২) যে ব্যক্তি ৪১ বার ছুরা ফাতেহা বিছমিল্লাহ সহ মিলাইয়া পড়িয়া কোন রোগীর শরীরে ফুক দিবে, খোদার মর্জ্জিতে তাহার রোগ আরোগ্য হইবে, ইহা অতি পরীক্ষিত।

(৩) যে ব্যক্তি সর্ব্বদা ফজরের ছুন্নত ও ফরজের মধ্যে বিছমিল্লাহ সহ মিলাইয়া ৪১ বার ছুরা ফাতেহা পড়ে, সে যে কোন দরজা কামনা করিবে প্রাপ্ত হইবে, যদি সে দরিদ্র হয়, তবে খোদা তাহাকে অর্থশালী বানাইবেন। যদি সে দেনাদার হয়, তবে খোদা তাহার দেনা পরিশোধ করিয়া দিবেন। যদি সে পীড়িত হয়, তবে খোদা সত্ত্বর তাহার পীড়ার উপশম করিয়া দিবেন। যদি সে দুর্ব্বল হয়, তবে সবল হইবে। যদি সে প্রবাসী হয়, তবে লোকদিগের নিকট ধারনাতীত সম্মান

লাভ করিবে। সে ব্যক্তি নিম্ন জগত ও উর্দ্ধ জগতে প্রিয়পাত্র হইবে, সকলের অনুরক্ত ও ভক্তিভাজন হইবে। শত্রুর চক্ষে ভয়ঙ্কর ও বন্ধুর সঙ্গে প্রীতিভাজন হইবে। যত দিবস উক্ত আমল করিবে, খোদার হেফাজতে থাকিবে। ৪০ দিবস নিয়মিতরূপে বিনা ত্রুটি ও কাজা এই আমল করিলে, যাহার চাকুরী নষ্ট হইয়াছে, সে চাকরী পাইবে, যদি বন্ধ্যা হয়, তবে সন্তান লাভ করিবে, সমস্ত প্রকার বেদনা, পীড়া ও চক্ষের বেদনা হইতে আরোগ্য লাভ করিবে। ইহা ফাতাওয়ায় ছুফিয়াতে আছে।

(৪)দোর্রোতোল আফাক প্রণেতা বলিয়াছেন, যে ব্যক্তি প্রত্যেক ফরজ নামাজের পরে বিছমিল্লাহ সহ মিলাইয়া সাতবার ছুরা ফাতেহা পড়িবে, যত দিবস এরূপ করিবে খোদা তাহার উপর কল্যাণের দ্বারগুলি খুলিয়া দিবেন এবং তাহার দ্বীন ও দুনইয়ার প্রত্যেক জরুরী কার্য্যগুলি সমাধা করিয়া দিবেন।

(৫) যে ব্যক্তি সাতবার উহা পড়িয়া তুলার উপর ফুক দিয়া জখমের উপর স্থাপন করিবে, জখম আরাম হইয়া যাইবে।

(৬) যে বক্তি দৈনিক ১০০ বার প্রত্যেক ফরজ নামাজ পড়ে ২০ বার পড়িতে থাকিবে, কিম্বা ফরজ নামাজের পরে ৩০ বার, জোহরের পরে ২৫ বার পড়িতে থাকিবে, আল্লাহ তাহার রুজি বেশি করিয়া দিবেন, তাহার দুঃখ ও বিপদ দুর করিয়া দিবেন তাহার সম্মান ও এজ্জত বৃদ্ধি করিয়া দিবেন, তাহার পরিজনকে করিবেন নিরাপদে ও তাহার সমস্তত মতলব পূর্ণ করিয়া দিবেন। সে যে কোন দোওয়া করিবে, খোদা তাহা কবুল করিবেন।

(৭) যেব্যক্তি প্রত্যেক ফজরের পরে উহা একশতবার পড়িবে, তাহার মতলব পূর্ণ হইবে।

(৮) যে ব্যক্তি সর্ব্বদা ৩১৩ বার উহা পড়িতে থাকিবে, তাহার যে কোন মতলব হউক না কেন পূর্ণ হইবে

(৯) যে ব্যক্তি ফজরের নামাজের পরে উহা ১২৫ বার পড়িবে, তাহার যে কোন মতলব হউক না কেন পূর্ণ হইবে, ইহাতে কোন সন্দেহ নাই।

(১০) এবনো ছবইন কাঞ্জোল- মোকার্রাবিন' কেতাবে হজরত আলি হইতে পাঞ্জাগানা নামাজের পরে উল্লিখিত উদ্দেশ্যে উহা ১০০ বার পড়ার ব্যবস্থা উল্লেখ করিয়াছেন।

এমাম গাজ্জালী ও শায়খ আকবর নির্জ্জন রাত্রে পাক অবস্থায় এক হাজার বার উহা পড়ার ব্যবস্থা দিয়েছেন।

কোতব শেহাবুদ্দিন হজরত নবী (ছাঃ) এর নিকট হইতে স্বপ্নযোগে সর্ব্ব প্রকার মতলব লাভ উদ্দেশ্যে ১০০ কিম্বা এক হাজার বার উহা পড়ার অনুমতি প্রাপ্ত হইয়াছিলেন।

(১১) যে ব্যক্তি শয়ন কালে ছুরা ফাতেহা, এখলাছ , নাছ, ও ফালাক তিন তিনবার পড়িবে, মৃত্যু ব্যতীত সমস্ত প্রকার বিপদ হইতে হেফাজতে থাকিবে।

(১২) ৪০ বার উহা পানিতে পড়িয়া পীড়িতের সর্ব্বাঙ্গ ধোয়াইয়া দিলে আরোগ্য লাভ করিবে।

(১৩) পীর মহইদ্দিন আরাবি বলিয়াছেন, মতলব পূর্ণ হওয়া উদ্দেশ্যে মগরেবের ফরজ ও ছুন্নত নামাজ পরে ৪০ বার উক্ত ছুরা পড়িবে, উহা শেষ না করিয়া উঠিবে না। ছুরা ফাতেহা শেষ করিয়া এই দোওয়া পড়িবে-

اِلٰهِىْ عِلْمُكَ كَافٍ عَنِ السُّؤَالِ اِكْفِنِىْ بِحَقِّ الْفَاتِحَةِ سُؤْلًا
وَكَرَمُكَ كَافٍ عَنِ الْمَقَالِ اَكْرِمْنِىْ بِحَقِّ الْفَاتِحَةِ وَحَصِّلْ مَا
فِىْ ضَمِيْرِىْ ☆

তৎপরে মতলব চাহিবে, ইহা পরীক্ষিত তদ্‌বীর।

(১৪) অজু সহ সাত দিবস প্রত্যেক দিবস ৭০ বার উহা পড়িয়া পাক পানিতে ফুক দিয়া পান করিলে, খোদা তাহাকে এলম ও হেকমত দান করিবে, তাহার অন্তর হইতে বাতীল খেয়াল দূর করিবেন এবং এরূপ স্মৃতিশক্তি সম্পন্ন করিবেন যাহা সে শ্রবণ করিবে, কখনও ভুলিবে না।

(১৫) ফজরের ছুন্নত ও ফরজের মধ্যে ইহা ৪১ বার পড়িয়া বেদনাযুক্ত চক্ষে ফুক দিলে অতি সত্বর বেদনা দূর হইয়া যাইবে। ইহা বহুবার পরীক্ষিত হইয়াছে। রোগী ও পাঠকারীর বিশ্বাস গাঢ় হওয়া শর্ত্ত। এইরূপ আমলে দাঁতের বেদনা সুস্থ হইয়া থাকে। উহা ৪১ বার পড়িয়া বিদেশ যাত্রীর পৃষ্ঠে ফুক দিলে খোদা তাহাকে শান্তিতে রাখিবেন এবং নিরাপদের সহিত ফিরাইয়া আনিবেন।

(১৬) যদি কেহ কারারুদ্ধ থাকে ও হাতে পায় শৃঙ্খলে থাকে, তবে ১২১ বার উহা পড়িয়া দশবার শৃঙ্খলে ও গেটে ফুক দিলে, উহা খুলিয়া যাইবে, ইহা কেহ কেহ পরীক্ষা করিয়াছেন।

(১৭) বেদনাস্থলে হাত রাখিয়া ৭ বার ছুরা ফাতেহা পড়িয়া ৭ বার এই দোওয়া পড়িবে।

اَللّٰهُمَّ اَذْهِبْ عَنِّىْ سُوْءَ مَا اَجِدُ وَ فُحْشَهٗ بِدَعْوَةِ نَبِيِّكَ مُحَمَّدِنِ الْمُبَارَكِ الْمَكِيْنِ الْاَمِيْنِ عِنْدَكَ ☆

ইহাতে বেদনা সুস্থ হইয়া যাইবে, ইহা পরীক্ষিত হইয়াছে।

(১৮) রুজি বেশি হওয়ার জন্য নিম্নোক্ত আমল পরীক্ষিত নূতন চাঁদ মাসের প্রথম রবিবারে বিছমিল্লাহ সহ ছুরা ফাতেহা ৭০ বার, সোমবারে ৬০ বার, মঙ্গলবারে ৫০ বার, বুধবারে ৪০ বার বৃহস্পতিবারে ৩০ বার , শুক্রবারে ২০ বার ও শনিবারে ১০ বার পড়িবে। এইরূপ প্রত্যেক মাসে করিবে। একজন হিন্দুস্থানের আলেম মদিনা শরীফে বলিয়াছেন, তাঁহার পীর জনশুন্য স্থানে বসিয়া থাকিতেন, বহু মুরিদ তাঁহার নিকট থাকিত, তিনি প্রত্যেক দিবস তাহাদের প্রত্যেকের মেজাজ অনুসারে খোরাক দিতেন, তাঁহার পেশা ও বানিজ্য কিছুই ছিল না, কেবল ছুরা ফাতেহার আমলের জন্য উহা সংগৃহীত হইত।

(১৯) হেদায়ার টীকা নেহায়াতে আছে, রাত্রে কিম্বা দিবা ভাগে বার রাকয়াত নামাজ পড়িবে, প্রত্যেক রাকয়াতে ছুরা ফাতেহা ও একটি ছুরা পড়িবে, প্রত্যেক দুই রাকয়াতে আত্তাহিয়াতো পড়িয়া ছালাম দিবে। শেষ দুই রাকয়াতে আত্তাহিয়াতো পড়ে পরে ছালামের পূর্ব্বে ছেজদা করিয়া ৭ বার ছুরা ফাতেহা ৭ বার আয়তুল কুরছি ও ১০ বার لَآ اِلٰهَ اِلَّا اللّٰهُ وَحْدَهٗ لَا شَرِيْكَ لَهٗ لَهُ الْمُلْكُ وَ لَهُ الْحَمْدُ وَ هُوَ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ পড়িবে।

তৎপরে বলিবে-

اَللّٰهُمَّ اِنِّىْ اَسْئَلُكَ بِمَعَاقِدِ الْعِزِّ مِنْ عَرْشِكَ وَ مُنْتَهَى الرَّحْمَةِ مِنْ كِتَابِكَ وَ بِاسْمِكَ الْاَعْظَمِ وَ جُهِكَ الْاَعْلٰى وَ كَلِمَاتِكَ التَّامَّةِ اَنْ تَقْضِىْ حَاجَتِىْ ☆

তৎপরে নিজের মতলব চাহিয়া মস্তক উঠাইয়া ডাহিন ও বাম দিকে ছালাম ফিরাইবে। ইহাতে তাহার দোওয়া কবুল হইবে।

(২০) যে ব্যক্তি প্রতি ফজরে ৪১ বার ছুরা ফাতেহা পড়ে, তাহার রুজি বেশি হইবে ও বিনা কষ্টে সমস্ত কার্য্য সুসম্পন্ন হইবে।

(২১) যে ব্যক্তি কোন শুভ উদ্দেশ্য পূর্ণ হওয়া কল্পে ছুরা ফাতেহা ১২৫, কিম্বা ৩১৩ কিম্বা হাজার বার অজু সহ কেবলামুখী হইয়া ৩ দিবস, ৫ দিবস কিম্বা ৭ দিবস পড়িবে, যতক্ষণ পড়া শেষ না হয় দুনইয়ার কথা বলিবে না। আর যদি ৩ কিম্বা ৫ অথবা ৭ দিবস নির্জ্জনে থাকিয়া রোজা অবস্থায় মাছ মাংস ত্যাগ করিয়া উহা আমল করে, তবে বিস্ময়কর গুপ্ত তত্ত্ব জুমার রাত্রে কিম্বা দিবসে প্রকাশিত হইবে। উহা কাহাকেও প্রকাশ করিবে না। এই নির্জ্জন বাসে অধিক পরিমাণ দরুদ শরীফ পড়িবে, পাঞ্জাগানা নামাজ ঠিক সময়মত পূর্ণ ছুন্নতসহ পড়িবে, যতক্ষণ উহা পড়িতে থাক, ওজু সহ থাকিবে, সাদা চন্দন ও আম্বরের ধোঁয়া করিবে। এক সপ্তাহ কালে মতলব পূর্ণ না হইলে, সাত সপ্তাহ পর্য্যন্ত করিবে।

(২২) হজরত আলি (রাঃ) বলিয়াছেন, যে ব্যক্তি নিম্ন লিখিত তরতিবের সহিত ছুরা ফাতেহা পড়িবে, তাহার দ্বীন ও দুনইয়ার ও সমস্ত মতলব সহজে পূর্ণ হইবে। আল্লাহতায়ালা সমস্ত পুরুষ ও স্ত্রী লোকের মনকে তাহার অনুরক্ত করিয়া দিবেন এবং তাহার সমস্ত বিপদ উদ্ধার করিয়া দিবেন। প্রত্যেক দিবস এক বার উহা পড়িতে হয়।

শরীফ বোখারি বলিয়াছেন, যে ব্যক্তি নিম্নোলিখিত তরতিবে সর্ব্বদা ছুরা ফাতেহা পড়িতে থাকিবে সে ব্যক্তি দুইয়াদারির কার্য্যে কাহারও মুখাপেক্ষী হইবে না এবং খোদা তাহার উপর গায়েবী বিষয়ে দ্বার খুলিয়া দিবেন। যাহার কোন জরুরী মতলব থাকে, সে যেন পাক শরীর কাপড় ও অজুসহ নির্জ্জনে দুই রাকয়াত নফল নামাজ পড়ে ছালামের পরে ৭০ বার এস্তেগফার ও ৭০ বার দরুদ পড়িবে এবং নিম্নোক্ত তরতিবে ৭০ বার ছুরা ফাতেহা পড়িবে এবং নিজের মতলব চাহিবে, আল্লাহ সেই দিবেস সেই সময়ে তাহার মতলব পূর্ণ করিয়া দিবেন এবং গায়েবি রুজি অধিক পরিমাণ তাহাকে প্রদান করিয়া ধনবান করিয়া দিবেন।

শায়খ আকবর বলিয়াছেন, যে ব্যক্তি নিম্নোক্ত তরতিবে প্রত্যেক দিবস ৭ বার ছুরা ফাতেহা পড়িতে অদৃশ্য জগতের ব্যাপার দর্শ করিবে, আলমে ও মালাকুত ও জাবারুতের রুহানীফেরেশতাগণের অবস্থা দেখিতে পাইবে, নিম্ন জগতের সম্বন্ধ কম হইতে থাকিবে, উর্দ্ধ জগতের সহিত পূর্ণ স্থাপিত হইবে, দ্বীন দুনইয়ার সমস্ত মতলব পূর্ণ হইবে। সৈয়দ মোহাম্মদ হক্কিনাজেলি বলিয়াছেন, আমি উক্ত তরতিব

সহ ফাতেহা পড়ার নিয়ম মদিনা শরীফে প্রাপ্ত হইয়াছিলাম, কোন পীরের বিনা অনুমতিতে পাঞ্জাগানা নামাজের পরে উহা অজিফা করিয়া লইলাম, এমন কোন পীর পাইলাম না যাঁহার নিকট হইতে উহার এজাজত লইতে পারি। আমি হজরত নবী (ছাঃ) এর নিকট এই বিষয় জিজ্ঞাসা করিয়াছিলাম, এমতাবস্থায় স্বপ্নযোগে হজরত আলি (রাঃ)র সহিত সাক্ষাতলাভ করিলাম, তিনি আমাকে উহার এজাজত দিলেন, ইহাতে আমি তাঁহার হস্ত চুম্বন করিলাম। তৎপরে আমি শায়খ মোহাম্মদ ছনছি মগরেবির নিকট এ স্বপ্নের কথা বর্ণনা করিলে, তিনি বলিলেন, হে পুত্র, এই রুহানী এজাজত তোমার পক্ষে যথেষ্ট। এই সাত আয়াতের প্রত্যেক আয়াত সপ্তাহের এক এক দিবসে পড়িতে হয়, প্রত্যেক দিবসে অজিফার সহিত উর্দ্ধ ও নিম্ন জগতের মোয়াক্কেলের ও আবজাদ অক্ষরে নাম লিখিত আছে।

উল্লিখিত তরতিব এই-

রবিবারে ফজরের কিম্বা রাত্রে ৬১৬ বার পড়িবে-

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ (اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ) يَا حَيُّ يَا قَيُّوْمُ اَجِبْ يَا رُوْقِيَائِيْلَ سَمِيْعًا مُطِيْعًا اَنْتَ وَ خُدَّامُكَ مُذْهَبُ بِحَقِّ اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ وَ بِحَقِّ الْحَيِّ الْقَيُّوْمِ وَ بِحَقِّ سَيِّدِنَا مُحَمَّدٍ عَلَيْهِ الصَّلَاةُ وَ السَّلَامُ وَ بِحُرْمَةِ الْمَلَائِكَةِ الْمُوَكِّلِيْنَ بِقَوَائِمِ الْعَرْشِ اَبْجَدْ ☆

সোমবারে ৬১৯ বার পড়িবে,-

(اَلرَّحْمٰنِ الرَّحِيْمِ) يَا رَءُوْفُ يَا عَطُوْفُ اَجِبْ يَا جِبْرَائِيْلَ عَلَيْهِ السَّلَامُ اَنْتَ وَ خُدَّامُكَ اَبْيَضُ بِحَقِّ الرَّحْمٰنِ الرَّحِيْمِ وَ بِحَقِّ الرَّءُوْفِ الْعَطُوْفِ وَ بِحَقِّ سَيِّدِنَا مُحَمَّدٍ عَلَيْهِ السَّلَامُ وَ بِحُرْمَةِ الْمَلَائِكَةِ الْمُوَكِّلِيْنَ بِقَوَائِمِ الْعَرْشِ هَوَّزُحُ ☆

মঙ্গলবারে ২৪২ বার পড়িবে,-

(مٰلِكِ يَوْمِ الدِّيْنِ) يَا مُقَلِّبَ الْقُلُوْبُ وَ الْاَبْصَارِ اَجِبْ يَا سَمْسَمَائِيْلُ سَمِيْعًا مُطِيْعًا اَنْتَ وَ خُدَّامُكَ اَحْمَرُ بِحَقِّ مٰلِكِ يَوْمِ الدِّيْنِ وَ بِحَقِّ مُقَلِّبِ الْقُلُوْبِ وَ الْاَبْصَارِ وَ بِحَقِّ سَيِّدِنَا مُحَمَّدٍ عَلَيْهِ الصَّلَاةُ وَ السَّلَامُ وَ بِحُرْمَةِ الْمَلَائِكَةِ الْمُوَكَّلِيْنَ بِقَوَائِمِ الْعَرْشِ طِيْكَلِ ☆

বুধবারে ৮৫৬ বার পড়িবে—

(اِيَّاكَ نَعْبُدُ و اِيَّاكَ نَسْتَعِيْنُ) يَا سَرِيْعُ يَا قَرِيْبُ اَجِبْ يَا مِيْكَائِيْلُ سَمِيْعًا مُطِيْعًا اَنْتَ وَ خُدَّامُكَ بَرْقَانُ بِحَقِّ اِيَّاكَ نَعْبُدُ وَ اِيَّاكَ نَسْتَعِيْنُ وَ بِحَقِّ السَّرِيْعِ الْقَرِيْبُ وَ بِحَقِّ سَيِّدِنَا مَحَمَّدٍ عَلَيْهِ الصَّلَاةُ وَالسَّلَامُ وَ بِحُرْمَةِ الْمَلَائِكَةِ الْمُوَكَّلِيْنَ بِقَوَائِمِ الْعَرْشِ مَنْسَعُ ☆

বৃহস্পতিবারে ১৭৩ বার পড়িবে,-

(اِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيْمَ) يَا قَادِرُ يَا مُقْتَدِرُ اَجِبْ يَا صَرْفَيَائِيْلُ سَمِيْعًا مُطِيْعًا اَنْتَ وَ خُدَّامُكَ شَهُوْرَشْ بِحَقِّ اِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيْمَ وَ بِحَقِّ الْقَادِرِ الْمُقْتَدِرِ وَ بِحَقِّ سَيِّدِنَا مُحَمَّدٍ عَلَيْهِ الصَّلَاةُ وَ السَّلَامُ وَ بِحُرْمَةِ الْمَلَائِكَةِ الْمُوَكَّلِيْنَ بِقَوَائِمِ الْعَرْشِ فَصْقَرُ ☆

শুক্রবারে ১৮৩৭ বার পড়িবে,-

(صِرَاطَ الَّذِيْنَ اَنْعَمْتَ عَلَيْهِمْ) يَا عَلِيْمُ يَا حَكِيْمُ اَجِبْ يَا عَيْنَيَائِيْلُ سَمِيْعًا مُطِيْعًا اَنْتَ وَ خُدَّامُكَ زُوْبَعَةُ بِحَقِّ صِرَاطَ الَّذِيْنَ اَنْعَمْتَ عَلَيْهِمْ وَ بِحَقِّ الْعَلِيْمِ الْحَكِيْمِ وَ بِحَقِّ سَيِّدِنَا مُحَمَّدٍ عَلَيْهِ الصَّلَاةُ وَالسَّلَامُ وَ بِحُرْمَةِ الْمَلَائِكَةِ الْمُوَكَّلِيْنَ بِقَوَائِمِ الْعَرْشِ شَتَشَخٌّ ☆

শনিবারে ৪২৩৩ বার পড়িবে,

(غَيْرِ الْمَغْضُوْبِ عَلَيْهِمْ وَ لَا الضَّالِّيْنَ) يَا قَاهِرُ يَا عَزِيْزُ اَجِبْ كَسْفَيَائِيْلُ سَمِيْعًا مُطِيْعًا اَنْتَ وَ خُدَّامُكَ مَيْمُوْنَ بِحَقِّ غَيْرِ الْمَغْضُوْبِ عَلَيْهِمْ وَ لَا الضَّالِّيْنَ وَ بِحَقِّ الْقَاهِرِ الْعَزِيْزِ وَ بِحَقِّ سَيِّدِنَا مُحَمَّدٍ عَلَيْهِ الصَّلَاةُ وَ السَّلَامُ وَ بِحُرْمَتِ الْمَلَائِكَةِ الْمُوَكَّلِيْنَ بِقَوَائِمِ الْعَرْشِ وَ ضَظَّغْ اَقْسَمْتُ عَلَيْكُمْ يَا مَلَائِكَةَ الرُّوْحَانِيِّيْنَ مِنَ الْعُلْوِيَّاتِ وَ السِّفْلِيَاتِ وَ يَا خُدَّامُ فَاتِحَةِ الْكِتَابِ اَجِيْبُوْنِىْ وَ اَمِدُّوْنِىْ وَ اَعِيْنُوْنِىْ فِىْ جَمِيْعِ اُمُوْرِىْ اَلْوَحَا اَلْوَحَا اَلْعَجَلَ اَلْعَجَلَ السَّاعَةَ السَّاعَةَ بِحَقِّ السَّبْعِ الْمَثَانِىْ وَ الْقُرْاٰنِ الْعَظِيْمِ وَ بِحَقِّ الْاَسْرَارِ وَ الْبَرَكَاتِ فِيْهِمَا وَ بِحَقِّ مَا تَعْتَقِدُوْنَهٗ مِنَ الْعَظْمَةِ وَ الْبُرْهَانِ وَ بِحُرْمَةِ سَيِّدِنَا مُحَمَّدٍ عَلَيْهِ الصَّلَاةُ وَ

السَّلَامُ اَللّٰهُمَّ سَخِّرْلِیْ عَبْدَکَ الرَّفْرَفَ الْاُخَیْضَرَ اِنَّکَ عَلٰی کُلِّ شَیْءٍ قَدِیْرٌ بِرَحْمَتِکَ یَا اَرْحَمَ الرّٰحِمِیْنَ ☆

রুহানী মোয়াক্কেল ও মনুষ্যদিগের অন্তর বাধ্য করিতে হইলে কিম্বা কোন মতলব হাছেল করিতে হইলে পত্যেক দিবসের অজিফা বিছমিল্লাহের রহমানের রহিম পড়িয়া শুরু করিবে, ইহার একটি শর্ত্ত এই যে, কোন গোণাহ কার্য্যে ইহার আমল করিবে না, নচেত ক্ষতিগ্রস্ত হইবে। কোন কামেল পীরের এজাজত লইবে এবং দৃঢ় বিশ্বাস সহ হালাল রুজি ভক্ষণ করিয়া ইহা করিবে।

(২৩) কোন রুহানী মোয়াক্কেলকে বাধ্য করিতে হইলে, কোন চাঁদ মাসের প্রথম রাত্রে নির্জ্জনে ৯৯ বার ছুরা ফাতেহা এবং একরার আছমায় হোছনা অর্থাত আল্লাহতায়ালার ৯৯ নাম পড়িবে। দ্বিতীয় রাত্রে ৯৮ বার ছুরা ফাতেহা এবং দুইবার উক্ত নামগুলি, তৃতীয় রাত্রে ৯৭ বার উক্ত ছুরা, তিনবার উক্ত নামগুলি পড়িবে, এইরূপ ১৫ রাত্রে প্রতেক রাত্রে ছুরা ফাতেহা এক এক সংখ্যা কম করিবে এবং আছমায়-হোছনার এক সংখ্যা বেশী করিবে। ১৫ই রাত্রে ছুরা ফাতেহার সংখ্যা ৮৫ হইবে, আছমায় হোছনার সংখ্যা ১৫ হইবে। ১৬ই রাত্রে ছুরা ফাতেহার সংখ্যা ৮৪ হইবে এবং আছমায়-হোছনার সংখ্যা ১৪ হইবে। এইরূপ মাসের শেষ পর্য্যন্ত ছুরা ফাতেহার সংখ্যা এক একবার বেশী করা হইবে এবং আছমায় হোছনার সংখ্যা এক একবার কম করা হইবে। ৩০শে রাত্রে যে রুহানী মোয়াক্কেল পাঠকারীর সহকারী হইবে উতকৃষ্ট আকৃতিতে প্রকাশিত হইবে, সবুজ রেশমি বস্ত্রে মিত্রতা প্রকাশ করিবে। এই রাত্রে আরো ৬ শত বার ছুরা ফাতেহা পড়িবে ইহার পরে কথা বলিবে না এবং উহা পড়ার সময় কথা বলিবে না, কেবলামুখে ডাহিন কাত হইয়া শুইবে, রাত্রে একজন আসিয়া স্বপ্নযোগে তাহার মতলব সম্বন্ধে সংবাদ দিয়া যাইবে।

"কামেল পীরের এজাজত ব্যতীত ইহা করিবে না।"

(১৪) পাক বাসনে ছুরা ফাতেহা লিখিয়া পানি দ্বারা ধৌত করতঃ পীড়িতকে খাওয়াইলে সে আরোগ্য লাভ করিবে।

উহা পড়িয়া একবার সমস্ত শরীর মছহ করিয়া কিম্বা বেদনাস্তলে তিনবার পড়িয়া ফুক দিয়া বলিবে-

اَللّٰهُمَّ اِشْفِ فَاَنْتَ الشَّافِىْ - اَللّٰهُمَّ اِكْفِ فَاَنْتَ الْكَافِىْ - اَللّٰهُمَّ عَافِ فَاَنْتَ الْمُعَافِىْ ☆

ইহাতে পীড়া কিম্বা বেদনা সুস্থ হইবে।

(২৫) ছুরা ফাতেহা পাক বাসনে লিখিয়া পাক পানিতে ধৌত করতঃ পীড়িতের চেহারা ধৌত করাইয়া দিবে, আল্লাহর মর্জ্জিতে সে আরোগ্য লাভ করিবে।

(২৬) উক্ত পানি পান করিলে, যাহার অন্তরে চাঞ্চল্য ও সন্দেহ থাকে, তাহার চাঞ্চল্য ও সন্দেহ দূরীভূত হইবে। যদি হৎপিণ্ডে বেদনা কিম্বা কম্পন থাকে, উহা পান করিলে, তাহার বেদনা কম্পন সুস্থ হইবে।

(২৭) উহা মেশক ও জাফেরান দ্বারা লিখিয়া গোলাবে ধৌত করিয়া মেধা ও স্মৃতিহীন লোক ৭ দিবস পান করিলে মেধাবী ও স্মৃতিশক্তি সম্পন্ন হইবে।

(২৮) উহা পাক বাসনে লিখিয়া রওগান-গোল লোক দ্বারা ধৌত করিয়া কানে ঢালিয়া দিলে, কানের বেদনা সুস্থ হইয়া যাইবে।

উহা বাসনে লিখিয়া বোলছান তৈলে ধৌত করিয়া উক্ত তৈলের উপর ৭০ বার ছুরা ফাতেহা পড়িয়া বাত, পাক্ষাঘাত, মুখ বেঁকা, 'আরকোন্নেছা' ও পৃষ্ঠ বেদনা বিশিষ্ট লোক ব্যবহার করিলে, সুস্থ হইয়া যাইবে।

(২৯) নিম্নোক্ত আয়াতগুলি কাঁচের পাত্রে লিখিয়া পান করাইলে তোৎলা বালকের কথা শুদ্ধ বাহির হইবে। ছুরা ফাতেহা, আয়তুল কুরছি, ছুরা ত্বা'হার ২য় রুকু'র এই আয়াতগুলি-

رب اشرح لى صدرى ۙ و يسر لى امرى ۙ و احلل عقدة من لسانى ۙ يفقهوا قولى ۖ و اجعل لى وزيرا من اهلى ۙ هرون اخى ۙ اشدد به ازرى ۙ واشركه فى امرى ۙ كى نسبحك كثيرا ۙ و نذكرك كثيرا ۗ انك كنت بنا بصيرا ۝ قال قد اوتيت سؤلك يموسى ☆

ছুরা মরয়েমের ২য় রুকুর এই আয়াতগুলি —

صراط مستقيم হইতে قالوا كيف نكلم من كان فى المهد صبيا পর্য্যন্ত।

ছুরা আম্বিয়ার ৬ রুকুর এই আয়াতগুলি—

ففهمنها سليمان হইতে شاكرون পর্য্যন্ত।

ছুরা হা-মিম ছেজাদার ৩ রুকুর আয়াত—

انطقنا الله الذى انطق كل شئ و هو خلقكم اول مرة واليه ترجعون ও নিম্নোক্ত আয়াত—

قالتا اتينا طائعين لله رب العلمين ☆

(৩০) হাকিম (রঃ) বলিয়াছেন, জুমার রাত্রে এশার নামাজের পরে হরিণের পাতলা চামড়াতে জাফেরাণ ও গোলাব দ্বারা ছুরা ফাতেহা ও নিম্নোক্ত অক্ষরগুলি লিখিবে-

الـم الـم الـلّٰه المص الر المر كهيعص طه طس طسم يس ص ق حمعسق حم ن ☆

যে কোন চাঁদ মাসের ১৪ই তারিখে জুমা হয় সেই জুমার রাত্রে উহা লিখিবে, তৎপরে উহা বাঁশের লাঠির মধ্যে রাখিবে, কুমার ও কুমারী স্ত্রীপুরুষের বাসর ঘরে যে মোমবাতি জ্বালান হয়, উহার কিছু অংশ দ্বারা উহার মুখ বন্ধ করিবে। যে ব্যক্তি এই লাঠি সঙ্গে রাখিবে, তাহার অন্তর বলবান হইবে, সে শত্রুর অপকারিতা হইতে রক্ষা পাইবে, সমস্ত লোকের অনুরাগ ভাজন হইবে, দরিদ্র হইলে অর্থ শালী হইবে, দেনাদার হইলে ঋণমুক্ত হইবে, ভীত হইলে নিরাপদে থাকিবে, পাগল হইলে সুস্থ হইবে, বিপদ হইলে বিপদ হইতে নিষ্কৃতি হইবে, প্রবাসী হইলে পরিজনের নিকট প্রত্যাবর্ত্তন করিবে, স্বামীহীন হইলে, বিবাহিতা হইবে, দোকানে রাখিলে বহু লাভবান হইবে, বালকদের গলায় বাঁধিলে, উহারা সমস্ত প্রকার ভীতপ্রদ বিষয় হইতে রক্ষা পাইবে।

(৩১) শাএখ আহমদ রাজি (রঃ) বলিয়াছেন, স্ত্রী - পুরুষ কিম্বা দুই ভাইয়ের মধ্যে সন্ধিস্থাপন করিতে ইচ্ছা করিলে, জাফেরান গোলাব ও মেশক দ্বারা নিম্নোক্ত প্রকারের ছুরা ফাতেহা লিখিবে, লেখা কালে সাদা চন্দন ও লোবানের ধোঁয়া দিবে এবং অজুর সহিত লিখিবে। উহা নিম্নোক্ত ও প্রকার লিখিবে-

بسم اللّٰه الرحمن الرحيم الحمد للّٰه رب العلمين بحمد فلان بن فلانة لفلان بن فلانة او لفلانة بنت فلانة طاعة اللّٰه تعالى و الفاتحة الكتاب الشريفة۔ الرحمن الرحيم برحم فلان بن فلانة لفلانة بنت فلانة طاعة اللّٰه تعالٰى و فاتحة الشريفة۔ مالك يوم الدين اسئلك فلان بن فلانة لفلانة بنت فلانة امتلاك عبودية و رفة ورحمة و شفقة طاعة اللّٰه تعالى و بسر الفاتحة الشريفة اياك نعبد يعبد فلان بن فلانة لفلانة بنت فلانة طاعة اللّٰه تعالى و الفاتحة الكتاب الشريفة و اياك نستعين استعان فلان بن فلانة باللّٰه وبسر فاتحة الكتاب الشريفة على فلان بن فلانة ان يطيعه رغبا و رهبا و سرا و جهرا طاعة و محبة له واقبالا فى الافعال و الاقوال و استعان باللّٰه عليه و بسر الفاتحة الشريفة و فى الامتثال له تحت ارادته۔ اهدنا الصراط المستقيم اهتدى والفاتحة الكتاب الشريفة و محبة و شفقة و رحمة

یر المغضوب علیهم و لا الضالین اٰمین و نزعنا ما فی صدو رهم

من غل اخوانا علی سرر متقٰبلین لو انفقت ما فی الارض جمیعا

ما الفت بین قلوبهم و لکن اللّٰه الف بینهم ط انه عزیز حکیم ☆

و استقام فلان بن فلانة لفلان بن فلانة استقامة و محبة وعبودیة

و سمعا و خضوعا فی اقواله من غیر رجوع طاعة اللّٰه تعالی و سر

الفاتحة الشریفة صراط الذین انعمت علیهم انعم فلان بن فلانة

لفلان بن فلانة بجمیع ما یطنب منه و ما یرجوه طاعة اللّٰه تعالی

ইহা লেখা শেষ হইলে বাঁকা সূচ লইয়া লিখিত কাগজের মধ্য দেশে বিদ্ধ করিয়া এইরূপ স্থানে লটকাইয়া দিবে যে, বাঞ্ছিত ব্যক্তি যে দিকে থাকে সেই হইতে বায়ু প্রবাহিত হইয়া উক্ত স্থানে আসিয়া পৌঁছে, ইহাতে পূর্ণ হইবে। প্রার্থী ব্যক্তি সর্ব্বদা ছুরা ফাতেহা পড়িতে থাকিবে।

(৩২) দুই ব্যক্তির মধ্যে সন্ধি স্থাপন করা উদ্দেশ্যে হইলে, উভয়ের কাপড় হইতে এক এক খানা সূতা লইয়া উভয় সূতা পাকাইয়া নিম্নোক্ত দোওয়া সাতবার পড়িয়া সাত ফুক দিয়া সাতটি গিয়া দিবে এবং সন্ধি প্রার্থী নিকট থাকিবে।

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ وَ اعْتَصِمُوْا بِحَبْلِ اللّٰهِ جَمِيْعًا وَّ

لَا تَفَرَّقُوْا ص وَ اذْكُرُوْا نِعْمَةَ اللّٰهِ عَلَيْكُمْ اِذْ كُنْتُمْ اَعْدَآءً فَاَلَّفَ بَيْنَ

قُلُوْبِكُمْ فَاَصْبَحْتُمْ بِنِعْمَتِهٖۤ اِخْوَانًا يٰۤاَيُّهَا النَّاسُ اِنَّا خَلَقْنٰكُمْ مِنْ ذَكَرٍ

وَّ اُنْثٰى وَ جَعَلْنٰكُمْ شُعُوْبًا وَّ قَبَآئِلَ لِتَعَارَفُوْا ط اِنَّ اَكْرَمَكُمْ عِنْدَ اللّٰهِ

اَتْقٰكُمْ ط اِنَّ اللّٰهَ عَلِيْمٌ خَبِيْرٌ-اَللّٰهُمَّ اَلِّفْ بَيْنَ فُلَانِ بْنِ فُلَانَةَ وَ بَيْنَ

فُلَانَةَ بِنْتِ فُلَا نَة كَمَا اَلَّفْتَ بَيْنَ مُوْسٰى وَ هَارُوْنَ وَ كَمَا اَلَّفْتَ بَيْنَ جِبْرَائِيْلَ وَ مِيْكَائِيْلَ عَلَيْهِمُ السَّلَامُ وَ بَيْنَ خُدَيْجَةَ الْكُبْرٰى وَ مُحَمَّدٍ صلعم وَ فَاطِمَةَ الزَّهْرَاءَ وَ عَلِيِّ نِ الْمُرْتَضٰى رَضِىَ اللّٰه عَنْهُمَا وَ كَذَالِكَ اَللّٰهُمَّ اَلِّفْ بَيْنَ فُلَانَ بْنِ فُلَا نَة وَ فُلَا نَةَ بِنْتِ فُلَانَةَ وَ مَثَلاً كَلِمَةً طَيِّبَةً كَشَجَرَةٍ طَيِّبَةٍ اَصْلُهَا ثَابِتٌ وَّ فَرْعُهَا فِي السَّمَآءِ ۙ تُؤْتِىْ اُكُلَهَا كُلَّ حِيْنٍ بِاِذْنِ رَبِّهَا ؕ وَ يَضْرِبُ اللّٰهُ الْاَ مْثَالَ لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَذَكَّرُوْنَ ☆

(৩৩) শাএখ মহইউদ্দিন আরাবি বলিয়াছেন, দুই জনের মধ্যে সন্ধি করার ইচ্ছা করিলে, মধ্য রাত্রে পড়িবে বিছমিল্লাহ হইতে و اياک نستعين পর্যন্ত, তৎপরে এই দোওয়া পড়িবে-

اَللّٰهُمَّ اجْمَعْ بَيْنِىْ وَ بَيْنَ حَاجَتِىْ كَمَا جَمَعْتَ بَيْنَ اَسْمَائِكَ وَصِفَاتِكَ يَا ذَا الْجَلَالِ وَ الْاِكْرَامِ ☆

তৎপরে শেষ আয়াত পড়িবে,প্রত্যেক আয়াত পড়িয়া বলিবে-

اَللّٰهُمَّ سَخِّرْلِىْ مَطْلُوْبِىْ بِحَقِّ سِرِّ الْفَاتِحَةِ وَ بِحَقِّ عِزَّتِكَ وَعَظْمَتِكَ وَبِحَقِّ جَلَالِكَ وَ جَمَالِكَ وَبِحَقِّ اَهْلِ السَّمٰوٰتِ وَ الْاَرْضِ وَ بِحَقِّ جَمِيْعِ الْاَنْبِيَاءِ وَالْمُرْسَلِيْنَ صَلَوٰاتُ اللّٰهِ تَعَالٰى عَلَيْهِمْ اَجْمَعِيْنَ وَ الْحَمْدُلِلّٰهِ رَبِّ الْعَالَمِيْنَ ☆

সমাপ্ত